গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**ঢাকা মশক নিবারণী দপ্তর**
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১
www.dmco.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

**১৭ই মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত কর্মসূচি বাস্তবায়নের জন্য সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর।

সভার তারিখ ও সময় : ১৫ মার্চ ২০২৩ খ্রি:, সকাল ১০.৩০ ঘটিকা।

সভার স্থান : ঢাকা মশক নিবারণী দপ্তরের সভা কক্ষ (কক্ষ নং-২০২)
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১।

উপস্থিত কর্মচারীদের তালিকা : **পরিশিষ্ট- "ক"**

**সভার আলোচনা:**

০১. সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান। সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারি বীর শহীদদের গভীর শ্রদ্ধায় স্মরণ করেন। সভাপতি উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ১৭ই মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষে জাতীয় কর্মসূচীর সাথে সমন্বয় করে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে ঢাকা মশক নিবারণী দপ্তরের জনাব মোঃ জামাল উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ), স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২. আলোচনায় এ দপ্তরের জনাব মোঃ আমিনুল ইসলাম ভূইয়া, হিসাবরক্ষক ও জনাব মোঃ গিয়াস উদ্দিন, ষ্টোরকিপার অংশগ্রহণ করেন।

০৩. বিস্তারিত আলোচনা শেষে ১৭ই মার্চ ২০২৩ তারিখ শুক্রবার, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষে ঢাকা মশক নিবারণী দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. | বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি ও সরকারের আর্থিক সাশ্রয় নীতি সংক্রান্ত নির্দেশনা অনুসরণক্রমে দিবসের গুরুত্ব ও ভাবমূর্তি বিবেচনায় ঢাকা মশক নিবারণী দপ্তরে ব্যানার, ফেষ্টুন, প্লেকার্ড, রঙিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিতকরণসহ আলোক সজ্জার ব্যবস্থা গ্রহণ করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০২. | ১৭ই মার্চ ২০২৩ তারিখ [illegible] ঢাকা মশক নিবারণী দপ্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্ম ও জীবনীভিত্তিক আলোচনা সভা সুবিধাজনক সময়ে আয়োজন করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |
| ০৩. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষে ১৭-০৩-২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকায় ঢাকা মশক নিবারণী দপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হবে | ঢাকা মশক নিবারণী দপ্তর |

| | | |
|---|---|---|
| ০৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষ্যে ১৭-০৩-২০২৩ খ্রিঃ বাদ জুম্মা (দুপুর ২.০০ ঘটিকায়) এদপ্তরের পাশে অবস্থিত মিসকিন আশরাফ জামে মসজিদে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের আত্মদানকারী সদস্যসহ সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠানের আয়োজন করা হবে। | ঢাকা মশক নিবারণী দপ্তর |

০৪. পরিশেষে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মচারীদের প্রতি আহবান জানান।

০৫. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬.০৩.২০২৩

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ও
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭
E-mail: dmco@lgd.gov.bd

নম্বর: ৪৬.২০.০০০০.০০০.২৩.০০১.১৫- ১৪৪/১(২০) তারিখঃ ০২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন/প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৬। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল--------, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল-------, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮। ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মকর্তা/কর্মচারী (সংশ্লিষ্ট), ঢাকা।
৯। সুপারভাইজার (সকল), অঞ্চল-------, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০। কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা মশক নিবারণী দপ্তর (কার্যবিবরণী ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
১১। নোটিশ বোর্ড, ঢাকা মশক নিবারণী দপ্তর।
১২। অফিস-কপি/মাস্টার কপি, ঢাকা মশক নিবারণী দপ্তর।

১৬/০৩/২০২৩

মোঃ জামাল উদ্দিন
প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ)
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭